



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: bcsgae1618@gmail.com ওয়েবসাইট:
www.bcsgea.org.bd ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৪৩৫৪ (মহাসচিব)

স্মারক নম্বর: বিসিএসসশিস/২০২৩/৫৫

তারিখ: ১৭.১২.২০২৩

বরাবর

মহাপরিচালক/চেয়ারম্যান/পরিচালক/অধ্যক্ষ

বিষয় : জনাব মো: আমিনুর রহমান (২৯ তম বিসিএস), প্রভাষক, ইসলামী শিক্ষা, বরিশাল সরকারি মহিলা কলেজ ঐর জন্য চিকিৎসা সহায়তা।


মহোদয়,


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে অবগত করছি যে, আমাদের প্রিয় সহকর্মী জনাব মো: আমিনুর রহমান (২৯ তম বিসিএস), প্রভাষক, ইসলামী শিক্ষা, বরিশাল সরকারি মহিলা কলেজ ব্রেইন টিউমারে আক্রান্ত ছিলেন। সম্প্রতি চিকিৎসকগণ পরীক্ষা নিরীক্ষা শেষে সেখানে ক্যান্সারের জীবানু সনাক্ত করেন। ইতোমধ্যে টিউমার অপসারণের জন্য দুইবার অপারেশন করা হয়েছে। চিকিৎসকগণ তাকে বিদেশে উন্নত চিকিৎসার পরামর্শ দিয়েছেন। তিনি এতদিন নিজ খরচে চিকিৎসা চালিয়েছেন। বিদেশে চিকিৎসার জন্য ১৫-২০ লক্ষ টাকা প্রয়োজন যা বহন করা তাঁর পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। এমতাবস্থায় তিনি চিকিৎসা সহায়তার জন্য সমিতি বরাবর অনুরোধ করে পত্র দিয়েছেন।

অতএব মহোদয় আপনার মাধ্যমে আপনার প্রতিষ্ঠানে কর্মরত সহকর্মীদের নিকট আমাদের প্রিয় সহকর্মীর দ্রুত সুস্থতা ও স্বাভাবিক জীবনে ফিরে আসার প্রয়োজনে চিকিৎসা সহায়তা প্রদানের জন্য (অর্থ জমার রসিদ ও তথ্য bcsgae1618@gmail.com ঠিকানায় প্রেরণের অনুরোধসহ) বিশেষভাবে অনুরোধ করছি।

অর্থ প্রেরণের হিসাব:- হিসাবের নাম: বিশেষ চিকিৎসা সহায়তা তহবিল, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি, হিসাব নম্বর: সঞ্চয়ী হিসাব নম্বর: ০১০০০৬৪২৮১২৮৮, জনতা ব্যাংক লিমিটেড, কর্পোরেট শাখা, তোপখানা রোড, ঢাকা।

ব্যক্তিগত হিসাব: মো: আমিনুর রহমান, সঞ্চয়ী হিসাব নম্বর- ০১০১১২০০৭১৯৮২, আল আরাফাহ ইসলামী ব্যাংক, বরিশাল শাখা, বরিশাল।
রাউটিং নং-০১৫০৬০২৮০, মোবাইল নম্বর: ০১৯১১০১৭৮৭৮


প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
সভাপতি
বিসিএস সাধারণ শিক্ষা সমিতি


মোঃ শওকত হোসেন মোল্যা
মহাসচিব
বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

- দৃষ্টি আকর্ষণঃ ১। নির্বাচিত প্রতিনিধি, সকল সাংগঠনিক বিভাগ, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি;
২। সম্পাদক, ইউনিট কমিটি/জেলা কমিটি, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি;
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ(সকল কলেজ);
৪। দপ্তর সচিব, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি (ওয়েবসাইটে প্রদান ও সংরক্ষণের জন্য)